

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr-bd.org

প্রেস বিজ্ঞপ্তি: ঢাকা, ০১ সেপ্টেম্বর ২০১৬।

আয়কর অনুবিভাগের মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিতঃ

সেবাধর্মী মনোভাব নিয়ে কাজ করতে এবং করদাতাবান্দুর পরিবেশ সূজনে বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) পদ্ধতির অধিকতর ব্যবহারের নির্দেশনা।

চলতি অর্থবছরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকোশল ও জুলাই ২০১৬ মাস পর্যন্ত সময়ের আয়কর অনুবিভাগের রাজস্ব আদায় সংত্রাস অংগতি ও পর্যালোচনা বিষয়ক মাসিক রাজস্ব সম্মেলন আজ সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিরুর রহমান সভায় সভাপতিত্ব করেন। রাজস্ব সম্মেলনে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যর্বস্গ, উর্বরতন কর্মকর্তাগণসহ মাঠ পর্যায়ে আয়কর অনুবিভাগ সংশ্লিষ্ট কমিশনারগণ উপস্থিত ছিলেন।


সভায় সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড আয়কর অনুবিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে সেবাধর্মী মনোভাব নিয়ে কাজ করতে এবং করদাতাবান্দুর পরিবেশ সূজনে বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) পদ্ধতির অধিকতর ব্যবহারে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ কর্তিপ্য গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন, যা নিম্নরূপঃ

- বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রম (ADR) কে অধিকতর কার্যকর করার জন্য বছরের শুরুতেই প্রতিটি কমিশনারেটের এডিআর এর মাধ্যমে স্বাক্ষর নিষ্পত্তিযোগ্য মামলাসমূহের একটি তালিকা প্রণয়ন করা; আয়কর, শুল্ক ও মূসক অনুবিভাগের মাঠ পর্যায়ের দণ্ডের সমূহের কর্মকর্তাদের এডিআর কার্যক্রমে উন্নুনকরণ ও আলোচনা সভা অনুষ্ঠান;
- জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন বিভিন্ন কর অঞ্চল, কাস্টম হাউস/কমিশনারেটসমূহের অনিষ্পত্তি মামলাসমূহ ডিজিটাল পদ্ধতিতে দ্রুত নিষ্পত্তির জন্য সম্মানিত করদাতা ও রাজস্ব বিভাগের কর্মকর্তাদের মাঝে বন্ধুত্বপূর্ণ ও পারস্পরিক সহযোগিতামূলক সুসম্পর্ক এবং আস্থার পরিবেশ তৈরির মাধ্যমে এডিআর পদ্ধতিকে কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- কর বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীদের সেবাধর্মী মনোভাব নিয়ে কাজ করতে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়, যাতে করে কর বিভাগের প্রতি জনগণের ইতিবাচক দৃষ্টিভঙ্গি অব্যাহত থাকে। ইতোমধ্যে কর বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ করদাতা উন্নুনকরণ ও সেবাধর্মী বিভিন্ন কর্মসূচী সফলভাবে সম্পন্ন করেছেন। ভবিষ্যতেও এ সকল সফল কর্মকান্ডের ধারাবাহিকতা ও ইমেজ যেন অব্যাহত থাকে সে বিষয়ে সর্বদা সজাগ থাকতে হবে;
- মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুসারে জনগণের উপর করের বোঝা না বাড়িয়ে করনেট সম্প্রসারণের জন্য অধিকতর উদ্যোগী হওয়া;
- রাজস্ব বোর্ডের মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয়/দণ্ড/সংস্থা কর্তৃক প্রণীত কৌশলগত পরিকল্পনা বাস্তবায়নের উপর সর্বোচ্চ গুরুত্বান্বোধ করা;
- আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইনে কর প্রদানে জনগণকে উন্নুনক ও উৎসাহিত করা এবং জনগণকে স্বতন্ত্রভাবে কর প্রদানে উৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ও কার্যকর প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা।

সভায় মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কমিশনারগণ তাঁদের নিজ নিজ দণ্ডের Strategic Action Plan বাস্তবায়নের অংশত প্রতিবেদনসহ রাজস্ব আদায়ের অংগতির উপর একটি Power Point Presentation উপস্থাপন করেন।

পরিশেষে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড উপস্থিত সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়ে তাঁর দিক-নির্দেশনামূলক সমাপনী বজ্বে বলেন, দেশের বিভিন্ন পর্যায়ের করদাতাগণের মূল্যবান পরামর্শের ভিত্তিতে ২০১৬-২০১৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা ২ লক্ষ ৩ হাজার ১৫২ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। এরমধ্যে ৭৬ হাজার ৩৬৮ কোটি টাকা রাজস্ব আয়কর থেকে সংগ্রহ করা হবে। এ লক্ষ্যে কর বিভাগের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে করদাতাদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরীসহ সঠিকভাবে স্ব স্ব কর্ম ও দায়িত্ব সম্পাদন, সুনাম ও সুশোভলা বজায় রেখে কাঞ্চিত রাজস্ব আহরণের জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। বিশেষকরে করদাতাবান্দুর পরিবেশ সূজনে বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) পদ্ধতির অধিকতর ব্যবহারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সর্বিন্য অনুরোধ করা হলো।


(সৈয়দ এ. মুমেন)
জনসংযোগ কর্মকর্তা

প্রাপক,

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া।